

এক কাঠা ধান্য চিড়া দধি দুই খান্।
 মাত্র পাঁচ সের চিনি গেল জাতিমান্।'
 মহাপ্রভু বলে 'তোমর চিড়া দধি আন।
 দেখিব কেমনে আজ যায় জাতিমান্।।
 চিড়া দধি চিনি আন আমি দেখি সব।
 ইহা দিয়া করিব চিড়ার মহোৎসব।।'
 ঠাকুরের সম্মুখেতে চিড়া এনে দিল।
 দধি চিনি চিড়া প্রভু সকল দেখিল।।
 প্রভু বলে "চিড়া লও সভার মধ্যেতে।
 এক মুষ্টি করি গিয়া দেও সব পাতে।।"
 প্রভু আজ্ঞা মতে চিড়া দিল সব পাতে।
 অর্ধ চিড়া ফুরাইল সব পাতে দিতে।।
 চিনি পাঁচ সের সব পাতে পাতে দিল।
 সব পাতে দধি দিল এক এক মালা।।
 সব পাতে সব দিল আজ্ঞা অনুসারে।
 জ্ঞান হয় ত্রিভুবনে ফুরাইতে নারে।।
 সব ভক্তে সেবা করে অতি কতুহলে।
 প্রেমানন্দে 'ভীর' দিয়া হরি হরি বলে।।
 চিড়া দধি যখনেতে লইল মাখিয়া।
 দশগুণ বৃদ্ধি হ'য়ে উঠিল ফুলিয়া।।
 যার পাতে দিতে যায় সেই করে মানা।
 চিনি দধি চিড়া খেয়ে ফুরা'তে পারে না।।
 অলৌকিক ক্রিয়াতে বিস্মিত সর্বজনে।
 খায় আর হরি হরি বলেছে বদনে।।
 অশ্রুজলে সকলের বক্ষঃ ভেসে যায়।
 উর্ধ্ববাহু করি কেহ হরিধ্বনি দেয়।।
 কেহ বলে 'হেন মতে কভু নাহি খাই'
 কেহ বলে হেন ভোজ কভু হয় নাই।।
 চিড়া মাত্র ষোল সের তার উর্ধ্ব আছে।
 দ্বিগুণ ভোজনে দেহ অবশ হ'য়েছে।।
 এমন সুস্বাদু আর কভু খাই নাই।
 মধুর হইতে সুমধুর স্বাদ পাই।।

কেহ বলে 'ওরে ভাই শুনি তাই শাস্ত্রে।
 এক হাঁড়ি দধি ছিল জটিলের হস্তে।।
 সেই দধি কোটি কোটি ব্রাহ্মণেরা খায়।
 দেবেরে দুর্ভূত দধি স্বাদু অতিশয়।।
 ব্রাহ্মণেরা খায় দধি সুধার সমান।
 এত দধি দুইখান সেত একখান।।
 কোটি ব্রাহ্মণেরা খায় যাঁহার দয়ায়।
 সেই প্রভু মাচকান্দী হলেন উদয়।।
 চিড়াতে অক্ষয় দৃষ্টি সে প্রভু করিল।
 এই সে কারণে চিড়া অক্ষয় হইল।।
 কেহ বলে 'ওরে ভাই শুনেছি ভারতে।
 যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের কালেতে।।
 রাজা দুর্যোধন ধন ভাণ্ডারেতে ছিল।
 শত্রুতা করিয়া ধন বিলাইয়া দিল।।
 তথাপি সে ধনাগার পরিপূর্ণ ধনে।
 ধন ফুরাইতে নারে যাঁর দয়াগুণে।।
 সেই দয়াময় হরি বসিয়া সাক্ষাতে।
 চিড়া দধি অফুরাণ তাহার গুণেতে।।'
 কেহ বলে 'ওরে ভাই আর কিবা চাও।
 যাঁর এ আশ্চর্য লীলা তাঁর গুণ গাও।।
 শ্রীউদয় বালা চারি ভাই সঙ্গে করি।
 লোটায়ে পড়িল ঠাকুরের পদ ধরি।।
 কেঁদে বলে ওরে প্রভু ব্রহ্ম সনাতন।
 পঞ্চ পাণ্ডবকে 'রক্ষা করিলে যেমন।।
 ষাইট সহস্র শিষ্য ল'য়ে মুনিবর।
 সঙ্ঘাতিক করিতে গেলেন সরোবর।।
 পঞ্চ ভাই কৃষ্ণ ঠাই জানাইল দৈন্য।
 কৃষ্ণ ঠাই কৃষ্ণ গিয়া খাইল শাকান্ন।।
 'তৃপ্তোহং' বলিয়া জল খেলে নারায়ণ।
 তব তৃপ্তে জগত্তৃপ্ত ত্রিলোকের জন।।
 অদ্য তা'ত? করলে তা'তে ওহে ভগবান।
 রক্ষা কৈলে ওহে প্রভু বালাদের মান।।'